# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আইন বিভাগ।


ডিএমডি (২) পরিপত্র নং-০১/২০২৪ তারিখঃ ২৫-০১-২০২৪

**বিষয় ঃ মামলার মাধ্যমে প্রাপ্ত সম্পত্তি Non-Banking Asset হিসেবে প্রদর্শনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং ২২ তারিখ ২০/০৯/২০২১ অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, শাখা সমূহ চলমান অর্থঋণ/অর্থজারী/অন্যান্য মামলা দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে আইনজীবীদের সহিত নিবিড় যোগাযোগ সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে উদাসীনতা প্রদর্শন করছে। এছাড়াও অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) ও ৩৩(৭) ধারা মোতাবেক আদালত থেকে সনদ গ্রহন এবং সনদ পরবর্তী কার্যক্রম যথাক্রমে মালিকানা সনদটি সাব-রেজিষ্ট্রার কর্তৃক রেজিষ্ট্রিকরণ, নামজারী, খাজনা ও প্রাপ্ত সম্পত্তি বাস্তব দখল গ্রহণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। সর্বোপরি প্রাপ্ত সম্পত্তি Non-Banking Asset হিসেবে প্রদর্শনের লক্ষ্যে ১৩৬ খাতে স্থানান্তরে প্রযোজ্য বিধিবিধান পরিপালন করছে না।

০২। বিআরপিডি সার্কুলার নং ২২ তারিখ ২০/০৯/২০২১ অনুযায়ী- অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৭) ধারা মোতাবেক আদালত কর্তৃক ব্যাংক ঋণের বিপরীতে গৃহীত জামানত/বন্ধকীকৃত সম্পদের মালিকানা স্বত্ব ব্যাংকের অনুকূলে পাওয়ার পর দ্রুততম সময়ের মধ্যে এরুপ সম্পদ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরণসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরতঃ ঋণগ্রহীতার ঋণ সমন্বয়পূর্বক প্রাপ্ত সম্পদ ব্যাংকের হিসাবে Non-Banking Asset হিসেবে অন্তর্ভূক্ত করতে হয়।

০৩। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত পরিদর্শনে যে সকল সম্পত্তি Non-Banking Asset হিসেবে দেখানো হয়েছে তার কোন কোন ক্ষেত্রে আপত্তি উত্থাপিত হয়েছে। বিষয়টি আইন বিভাগ কর্তৃক অবগত হওয়ায় এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে রক্ষিত Non-Banking Asset এর তালিকা পর্যালোচনা করা হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক যে সকল সম্পত্তি Non-Banking Asset হিসেবে দেখানো হয়েছে তার যেগুলিতে বিআরপিডি সার্কুলার নং ২২ তারিখ ২০/০৯/২০২১ এর মানদন্ড অনুযায়ী ক্রটি বিদ্যমান, তা নিম্নোক্তরূপে সংশোধনের নির্দেশনা প্রদান করা হলো (সুনির্দিষ্ট তালিকা সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হবে)ঃ

| | ক্রটিসমূহ | | ক্রটি সংশোধনে করণীয় |
|---|---|---|---|
| ক | ৩৩(৫) এবং ৩৩(৭) ধারার সনদ সংক্রান্ত কোন তথ্য নেই; | ক | Non-Banking Asset এ প্রদর্শিত সম্পত্তির ক্ষেত্রে ৩৩(৫) ও ৩৩(৭) ধারার সনদ সংক্রান্ত তথ্য অন্তর্ভূক্ত করতে হবে; |
| খ | ৩৩(৫) ধারায় সনদ পাওয়া গিয়েছে কিন্তু ৩৩(৭) ধারায় সনদ, দখল ও নামজারী হয় নাই; | খ | ৩৩(৫) ধারা মোতাবেক প্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে ৩৩(৭) ধারায় সনদ প্রাপ্তি জন্য ব্যবস্থা গ্রহন করতে হবে; |
| গ | ৩৩(৭) ধারায় সনদ পাওয়া গিয়েছে কিন্তু দখল ও নামজারী হয় নাই; | গ | ৩৩(৭) ধারা মোতাবেক প্রাপ্ত সম্পত্তির দখল ও নামজারী সম্পন্ন করতে হবে; |
| ঘ | দখলে আছে কিন্তু নামজারী সম্পন্ন হয়নি; | ঘ | নামজারী না হওয়া দখলী সম্পত্তি নামজারী সম্পন্ন করতে হবে; |
| ঙ | অন্যান্য সকল কার্য সম্পন্ন কিন্তু দখল নেই; | ঙ | সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এমন সম্পত্তির দখল নিশ্চিত করতে হবে; |

০৪। বিআরপিডি সার্কুলার নং ২২ তারিখ ২০/০৯/২০২১ এর গাইড লাইন মোতাবেক ক্রটিপূর্ণ Non-Banking Asset সমূহের ক্রটি সংশোধনে উপরোক্ত কার্যাদি সংশ্লিষ্ট শাখা কর্তৃক সম্পাদিত হবে; যা সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং মহাব্যবস্থাপক তদারকিপূর্বক নিশ্চিত করবেন। উক্ত কার্যাবলী সম্পাদন করতে গিয়ে কোন মামলার উদ্ভব হলে সেক্ষেত্রে আইন বিভাগের পরামর্শ ও সহযোগিতা গ্রহন করতে হবে। উক্ত নির্দেশনাসমূহ ভবিষ্যতে আইনানুগ ভাবে অর্জিত সম্পত্তি Non-Banking Asset এ রূপান্তরের ক্ষেত্রেও কঠোরভাবে পরিপালন করতে হবে।

চলমান পাতা=০২=

০৫। অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এবং পিডিআর এ্যাক্ট ১৯১৩ মূলে অর্জিত সম্পত্তি বিকেবি'র সংশ্লিষ্ট শাখা/কার্যালয় কর্তৃক দখলীসত্ব নিশ্চিত করার পর উক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ, ভাড়া/ইজারা প্রদান এবং পূর্ত নির্মাণ সংক্রান্ত বিষয়টি ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ কর্তৃক প্রকাশিত বিভিন্ন কার্যালয়ের কার্যাবলী ২০১৫, পৃষ্ঠা ২৪, অনুচ্ছেদ ১৭ অনুযায়ী এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এর এখতিয়ারধীন হওয়ায় উপরোক্ত কার্যাদি সম্পাদন পূর্বক এ সংক্রান্ত দলিলাদি/কাগজপত্রাদি উক্ত বিভাগে প্রেরণসহ উহার একটি কপি আইন বিভাগে প্রেরন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২৫/০১/২৪

(খান ইকবাল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক

প্রকা/আইন-২০৮২/২০২৩-২০২৪/ ৭৫৬ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়গনের দপ্তর, বিকেবি,প্রকা,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ গনের দপ্তর, বিকেবি,প্রকা,ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি,প্রকা,ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক লোকাল প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখাসমূহ, বিকেবি।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৭। সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়,
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
১০। নথি/মহানথি।

25.01.2025.

(মোহাম্মদ সালাহউদ্দিন রাজীব)
মহাব্যবস্থাপক